গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৭
সরকারি পরিবহন পুল ভবন,
সচিবালয় লিংক রোড, ঢাকা।

নং-১০.০০.০০০০.১৩১.১১.০৩৮.৮৩(১)-১৬২

তারিখ : ৩০ শ্রাবণ ১৪৩১ / ১৫ অক্টোবর ২০২৪

**বিষয় : ফেনী জেলার দাগনভূঁঞা উপজেলার ০৪ নং রামনগর ইউনিয়নের নিকাহ রেজিস্ট্রার জনাব কাজী মোহাম্মদ হোসাইন এর নামীয় নিকাহ রেজিস্ট্রি লাইসেন্স বাতিল প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, (ক) ফেনী জেলার দাগনভূঁঞা উপজেলার ০৪ নং রামনগর ইউনিয়নের নিকাহ রেজিস্ট্রার জনাব কাজী মোহাম্মদ হোসাইন ০৯/০৯/২০১৬ খ্রি. তারিখ হতে ০৮/১১/২০১৬ খ্রি. তারিখ পর্যন্ত ০২ (দুই) মাসের ছুটি এবং ০৯/১১/২০১৬ খ্রি হতে ০৮/০৩/২০১৭ খ্রি. পর্যন্ত ০৪ (চার) মাসের ছুটিসহ মোট ০৬ মাসের ছুটি নিয়ে অদ্যাবধি যোগদান না করে বিধি বহির্ভূতভাবে দীর্ঘ প্রায় ০৮ (আট) বছর যাবৎ নিজ অধিক্ষেত্রের বাইরে আমেরিকায় অবস্থান করার বিষয়টি জেলা রেজিস্ট্রার, ফেনী এর তদন্তে প্রমাণিত হওয়ায়, নিকাহ রেজিস্ট্রার জনাব কাজী মোহাম্মদ হোসাইন কর্তৃক কারণ দর্শানোর জবাব দাখিল না করায় ও তা মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) বিধিমালা, ২০০৯ অনুযায়ী অসদাচরণের শামিল হওয়ায় তাঁর নামীয় নিকাহ রেজিস্ট্রার লাইসেন্স বাতিল করা হলো। (খ) উক্ত শূন্য অধিক্ষেত্রে অনধিক ১২০ (একশত বিশ) দিনের জন্য সংলগ্ন কোন অধিক্ষেত্রের নিকাহ রেজিস্ট্রারকে বিধি মোতাবেক নিকাহ রেজিস্ট্রারের অতিরিক্ত দায়িত্ব প্রদানের জন্য এবং সাবেক নিকাহ্ রেজিস্ট্রার জনাব কাজী মোহাম্মদ হোসাইন এর নিকট হতে বালাম বহিসহ নিকাহ রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় কাগজাদি সংগ্রহ করার জন্য জেলা রেজিস্ট্রার, ফেনী-কে নির্দেশ প্রদান করা হলো। (গ) শূন্যঘোষিত উক্ত অধিক্ষেত্রে নিকাহ রেজিস্ট্রার নিয়োগের নিমিত্ত বিধি মোতাবেক প্যানেল প্রস্তুত করে এ বিভাগে প্রেরণের জন্য সাব-রেজিস্ট্রার, দাগনভূঁঞা, ফেনী-কে নির্দেশ প্রদান করা হলো।

১৫/১০/২৪
(সাইদুজ্জামান শরীফ)
সিনিয়র সহকারী সচিব
ফোন নম্বর-০২২২৩৩৮৫৪৫৮

নং-১০.০০.০০০০.১৩১.১১.০৩৮.৮৩(১)-১৬২

তারিখ : ৩০ শ্রাবণ ১৪৩১ / ১৫ অক্টোবর ২০২৪

বিবরণ সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে (জ্যেষ্ঠ্যতার ভিত্তিতে নয়):

০১। মহাপরিদর্শক নিবন্ধন, নিবন্ধন অধিদপ্তর, ১৪ আব্দুল গনি রোড, ঢাকা।
০২। মাননীয় উপদেষ্টা মহোদয়ের একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
০৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ।
০৪। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৫। জেলা রেজিস্ট্রার, ফেনী।
০৬। সাব-রেজিস্ট্রার, দাগনভূঁঞা, ফেনী।
০৭। জনাব কাজী মোহাম্মদ হোসাইন, সাবেক নিকাহ রেজিস্ট্রার, ০৪ নং রামনগর ইউনিয়ন, দাগনভূঁঞা, ফেনী।
০৮। অফিস কপি/ গার্ড ফাইল।

১৫/১০/২৪
(সাইদুজ্জামান শরীফ)
সিনিয়র সহকারী সচিব
ফোন নম্বর-০২২২৩৩৮৫৪৫৮